

৫০ ভাগ শিল্পকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ধারায় নিতে হবে - শিক্ষামন্ত্রী

ময়মনসিংহে আঞ্চলিক স্তরিন : শিক্ষামন্ত্রী মুজিব ইসলাম নাহিদ বলেছেন, 'ও দেশে জন্ম নেয়া ৫০ ভাগ শিল্পকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ধারায় নিতে হবে। নইলে দেশকে এগিয়ে নেয়া যাবে না।

নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মিতা হিসেবে গড়ে তুলতে হলে নৈতিক মূল্যবোধ ও দেশসেবে উজ্জ্বল আধুনিক জ্ঞান ও হুস্কি সম্পন্ন কারিগরি শিক্ষায় শিক্ষিত করতে হবে। এজন্য সরকার জাতীয় শিক্ষানীতিতে কারিগরি শিক্ষাকে গুরুত্ব দিয়েছেন।

গতকাল দুপুরে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ চত্বরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান অডিটোরিয়ামে কারিগরি শিক্ষা কমিশন সমিতি আয়োজিত জাতীয় জীবনে কারিগরি শিক্ষার গুরুত্ব শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব প্রকাশ করেন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা কমিশন সমিতির সভাপতি ও বিশিষ্ট শিক্ষাবিদ মো. নাজমুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে আরো বক্তব্য রাখেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবুল কাশেম, কেপা প্রধানক মো. মোক্কেম হোসেন, মিল্লা পুলিশ সুপার গোলাম কিবরিয়া।

প্রধান অতিথি সাতটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে বিশেষ সম্মাননা প্রদান করেন। সেমিনারে বৃহত্তর ময়মনসিংহের ১৮৭টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ শিক্ষক কর্মকর্তাসহ এক হাজারেও অধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। সেমিনারেও গুরুত্ব কারিগরি শিক্ষার ওপর দুইটি বিষয় পরিবেশন করে বহুসংখ্যক শিক্ষার্থী সংস্থার শিল্পীরা। বাংলাদেশ কারিগরি শিক্ষা কমিশন সমিতির কার্যক্রমের সুসঙ্গী প্রদর্শনা করে শিক্ষামন্ত্রী বলেন, 'এ সমিতি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নে ব-উদ্যোগে যেসব কার্যক্রম হাতে নিয়েছে তা অবশ্যই প্রশংসায় পূর্ণ। অন্যদের জন্য এটি অনুপ্রেরণাদায়ক ও অনুকরণীয়।

শিক্ষামন্ত্রী মুজিব ইসলাম নাহিদ বলেন, 'আজকের যুগে শিক্ষা মানে জ্ঞান ও দক্ষতা। যে শিক্ষা বাস্তবে কাজে লাগে না বা দক্ষতাহীন সে শিক্ষা অর্থহীন। আর তাই সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো কারিগরি শিক্ষা। কিন্তু যুগের বিবর্তে এ শিক্ষা বাস্তবে অমানসর দেশে সর্কচেয়ে অবহেলিত। শিক্ষা বাস্তবে ব্যয়ের মাত্র ২।৫ পার্সেন্ট ব্যয় হয় ও শিক্ষার জন্য। এর সামাজিক গুরুত্বও কম।

শিক্ষামন্ত্রী আরো বলেন, 'এ সরকার ইতোমধ্যে ৫টি বিশ্ববিদ্যালয় চালু করেছে। ৬টির আইন পাস হয়ে গেছে। আরো ৪টি প্রক্রিয়াধীন। কারিগরি শিক্ষায় গুরুত্ব অনুধাবন করে এ সরকার টেক্সটাইল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করেছে। বিজিএমই এর মাধ্যমে একটি ফাশন টেকনোলজি বিশ্ববিদ্যালয় চালু করেছে।

শিক্ষামন্ত্রী বলেন, 'আলেমউলামা শীখ মাহায়েদ, আবুগাম্বী শীখ বিএনপি সরকার করেছে শিক্ষানীতিসূ: জন্ম দিয়েছে। আমরা এমন শিক্ষানীতি করেছি যে শিক্ষানীতি নিরপেক্ষ এবং সর্বজন গ্রহণযোগ্য। এ শিক্ষানীতিতে সনাই কৃষি হয়েছে।

তিনি বলেন, সরকার প্রথম শ্রেণী বেটে দশম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের যাকে আদায়ী-বহুর ২৭ কোটি নতুন দুই বিতরণ করবে। ৭৮ লাখ শিক্ষার্থীদের কৃতি দেয়া হচ্ছে।

কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবুল কাশেম বলেন, 'কারিগরি শিক্ষার উন্নয়নের জন্য সরকার মন্ত্রণালয় ক্লিন ডেভেলপমেন্ট কাউন্সিল গঠন করেছে। দেশে কারিগরি শিক্ষা জমাগতির নিকে এগিয়ে চলছে। পরীক্ষার্থীর সংখ্যা যেমনি বাড়ছে তেমনি পাসের হারও বাড়ছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা কমিশন সমিতির সভাপতি নাজমুল ইসলাম বলেন, 'জাতীয় জীবনে কারিগরি শিক্ষার গুরুত্ব অপরিণীত। টেকনোলজি ও টেকনিক্যাল নির্ভর শিক্ষা হতে হবে।